

ঢাকা ওয়াসা

Name of the Work: Procurement of Metal Detector for Store Division, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাপলাস্ভ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মজস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা রাখা হয়। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্পের পুরাতন ও ব্যবহার অনুপযোগী মালামাল এম.আর.এস. এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। অত্র বিভাগে পর্যাপ্ত বদ্ধ গুদাম এবং উন্মুক্ত শেড না থাকায় মালামালের প্রকৃতিভেদে অপেক্ষাকৃত ক্ষুদ্র ও মূল্যবান মালামাল সমূহ বদ্ধ গুদামে এবং অপেক্ষাকৃত বড় ও ভারী মালামাল সমূহ যথাক্রমে উন্মুক্ত শেড ও খোলা মাঠে সংরক্ষণ করা হয়। ভান্ডার বিভাগের মূল্যবান মালামালের সার্বিক নিরাপত্তার জন্য ৯ (নয়) জন আনসার ও ১২ (বারো) জন জিফোরএস নিরাপত্তাকর্মী নিয়োজিত আছে। ভান্ডার বিভাগের পারিপাশ্বিক পরিস্থিতি বিবেচনা সাপেক্ষে নিরাপত্তা ব্যবস্থার সামগ্রিক উন্নয়ন জোরদার করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় বর্তমানে মূল গেটে নিরাপত্তার কাজে নিয়োজিত জিফোরএস কর্মীদের চেকিংয়ের জন্য ২টি হ্যান্ড মেটাল ডিটেক্টর সংগ্রহ করা প্রয়োজন। এতে ভান্ডার বিভাগে প্রবেশ ও বাহিরের ক্ষেত্রে অধিকতর নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা সম্ভব হবে।

অনুচ্ছেদ ১.১

উপর্যুক্ত বর্ণনার আলোকে "Procurement of Metal Detector for Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-৩) প্রস্তুত করা হ'ল। বর্তমান বাজার দর (সংযুক্তি-২) এর ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ৬২২,০০০.০০ (বাইশ হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজটি ভান্ডার বিভাগের ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (সংযুক্তি-১, ক্রমিক নং-১৫) এর অফিস বরাদ্দের আওতায় বাস্তবায়ন করা হবে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের "অফিস রক্ষণাবেক্ষণ" খাত (কোড: ০১-০২-০১২) হতে নির্বাহ করা হবে। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তি-১	বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি
সংযুক্তি-২	বর্তমান বাজার দর
সংযুক্তি-৩	প্রাক্কলন

অনুচ্ছেদ ১.২

এমতাবস্থায়, "Procurement of Metal Detector for Store Division, Dhaka WASA" শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ৬২২,০০০.০০ (বাইশ হাজার) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী/মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

Md. Hasanuzzaman
Sub-Assistant Engineer
Store Division, Dhaka WASA

PAUL SARKER
Assistant Engineer
Store Division, Dhaka WASA

(মোঃ ছরোয়ার হোসেন খান)
নির্বাহী প্রকৌশলী
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা

মোঃ ইকবাল আহমেদ মজুমদার
ভূগর্ভস্থ অর্থোপেডিক (ও.এ.স.)
এস.এম. ডিভিউ, সি.সার্কেন,
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুল সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।